

ক্রোড়পত্র ক
বিএএসবি পত্র নং ০৬.০৭.০০০০.০০৫.২২.০৩.২১
তারিখঃ ২৫ মার্চ ২০২১

## ২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্যাবলী

| ক্রমিক | বিষয়াদি | অবদান ও যুগান্তকারী সাফল্য |
|---|---|---|
| ১। | নিয়োগ সংক্রান্ত বিষয়াদি | ১। ২০০৯-জুন ২০২০ মেয়াদে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডে ১০ জন সচিব, ১৬ জন তদন্ত কর্মকর্তা, ১৫ জন ইউডিএ এবং ১৩ জন এলডিএ সরকারি বিধি মোতাবেক নিয়োগ দেয়া হয়েছে।<br><br>২। ২০০৯-জুন ২০২০ মেয়াদে অত্র সংস্থা দ্বারা পরিচালিত ৩০টি মেডিকেল ডিসপেনসারির (০৭টি সিএমএইচ সংলগ্ন) জন্য ২২ জন ডাক্তার (অস্থায়ী), ২৯ জন মেডিকেল এ্যাসিসটেন্ট (অস্থায়ী), ১২ জন ইনচার্জ (অস্থায়ী), ০২ জন ষ্টোরম্যান/সহকারি ষ্টোরম্যান এবং ০১ জন করণিক (অস্থায়ী) নিয়োগ দিয়ে কর্মসংস্থানের সুযোগ করা হয়েছে।<br><br>৩। ২০০৯-জুন ২০২০ মেয়াদে ১৪ জন আউট সোর্সিং চালক, ১১ জন অফিস সহায়ক, ১১ জন নিরাপত্তা প্রহরী, ০১ জন সার্ভার এ্যাডমিনিষ্ট্রেটর, ০৩ জন করণিক এবং ২৬ জন অনিয়মিত শ্রমিক'কে নিয়োগ দিয়ে কর্মসংস্থানের সুযোগ করা হয়েছে।<br><br>৪। সশস্ত্র বাহিনী বোর্ড এর কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালায় নিয়োগ পদ্ধতি স্পষ্টিকরণ করা হয়েছে। যেমন- ২৮ জুলাই ২০০৪ সনের প্রজ্ঞাপনে নিয়োগ পদ্ধতিতে যেখানে লিখা ছিল ''সরাসরি নিয়োগের মাধ্যমে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে"। সে ক্ষেত্রে ০৪ আগস্ট ২০১৪ সনের প্রজ্ঞাপনে স্পষ্টিকরণ করে'' সচিব ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২৫% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে, তদন্ত কর্মকর্তা ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে, করণিক (ইউডিএ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৪০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে, অফিস সহকারী- কাম মুদ্রাক্ষরিক ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২৫% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে, গাড়ী চালক ও অফিস সহায়ক ৬০% পদ আউট সোর্সিং এর মাধ্যমে এবং ৪০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে এবং নিরাপত্তা প্রহরী ৫০% পদ আউট সোর্সিং এর মাধ্যমে এবং ৫০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে পূরণের আদেশ প্রদান করা হয়েছে।<br><br>৫। সচিব পদে সশস্ত্র বাহিনীর মেজর/সমপদমর্যাদার কর্মকর্তাদের অবসরকালীন বয়সসীমা বৃদ্ধি পাওয়ায় নিয়োগের গেজেট সংশোধন পূর্বক ৫৩ বৎসর করার বিগত কার্যক্রম ২০১৮ সন থেকে প্রক্রিয়াধীন, যার কাজ চলমান রয়েছে। |
| ২। | ভৌত অবকাঠামোগত উন্নয়ন | ১। বর্ণিত সময়সীমার মধ্যে স্থায়ী অফিস ভবন নির্মাণের জন্য ১২টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের জমি অধিগ্রহণ/ক্রয়সহ নতুন অফিস বিল্ডিং নির্মাণ করা হয়েছে।<br><br>২। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্ণিত সময়সীমার মধ্যে ১২টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে অটোমেশন (ফরিদপুর, যশোর, খুলনা, কুমিল্লা, নোয়াখালী, সিলেট, বরিশাল, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, বগুড়া এবং টাংগাইল) বিল্ডিং স্থাপন করতঃ ডিজিটাল পদ্ধতিতে কার্যক্রম চালু করা হয়েছে। |
| ৩। | সাংগঠনিক কাঠামোর বৃদ্ধি | প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২সা-/৮৯/ডি-৫/৩৭০ তারিখ ৩১ ডিসেম্বর ১৯৮৯ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২সা-২/৮৯/ডি-১/৩১০ তারিখ ২২ জুলাই ১৯৯২ এর মাধ্যমে ১৯৮৯ সালে ৪৭২ জন জনবল বিশিষ্ট বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর সাংগঠনিক কাঠামো অনুমোদন প্রদান করা হয়। পরবর্তীতে বরাত খ এর মাধ্যমে ১৬৪ জন জনবল নিয়ে বিএএসবি এবং ২০টি ডিএএসবি'র সমন্বয়ে তাৎক্ষনিকভাবে কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করা হয়। অবসরপ্রাপ্ত সদস্য ও তদ্বীয় পরিবারবর্গের সংখ্যা ও সংস্থার কর্মকান্ড দিন দিন বৃদ্ধি পাওয়া এবং ৩০টি মেডিকেল ডিসপেনসারি পরিচালনার মাধ্যমে চিকিৎসা ও ঔষুধ প্রদান নতুনভাবে সংযোজিত হওয়ায় পূর্বের তুলনায় কাজের পরিধি অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায় বর্তমান জনবল এবং যানবাহন দিয়ে কার্যক্রম পরিচালনা করা সামর্থ্যের বাইরে চলে যাওয়ায় সাংগঠনিক কাঠামো বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন। |

| ক্রমিক | বিষয়াদি | অবদান ও যুগান্তকারী সাফল্য |
|---|---|---|
| ৪। | আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন | ১। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্ণিত সময়সীমার মধ্যে বিএএসবি নিজস্ব Server ও Data Recovery Center স্থাপন করে সার্বিক কার্যক্রম পরিচালনা করে আসছে।<br><br>২। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিএএসবি'র Automution System চালু করে আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>বিএএসবি অটোমেশন সফটওয়্যার<br><br>৩। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে বিএএসবি'র Dispensory Managemetn System চালু করে ডিজিটাইজড পদ্ধতিতে অবসরপ্রাপ্ত ও তদ্বীয় পরিবারবর্গের বিনামূল্যে নির্ভুলভাবে ঔষুধ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br><br>মেডিসিন ম্যানেজমেন্ট সফটওয়্যার কার্যক্রম<br><br>৪। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্ণিত সময়সীমার মধ্যে ২০টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে অটোমেশনের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে কার্যক্রম চালু করা হয়েছে।<br><br>৫। Automution System ও Dispensory Managemetn System এর কার্যক্রম তুরান্বিত করার লক্ষ্যে অত্র সংস্থা ইন্টারনেট এর গতি ৪২ Mbps থেকে ১৫০ Mbps তে উন্নতি করা হয়েছে। |
| ৫। | অডিট অপত্তি নিস্পত্তি করণ | ১। সরকারী আদেশ ব্যতিরেকে এলডিএ হতে উচ্চমান সহকারী হিসেবে পদোন্নতি না করে প্রধান অফিস সহকারী হিসাবে পদোন্নতি দেখাইয়া বেতন প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৩৪,০৯৫.৭৪ টাকার অডিট আপত্তি নিস্পত্তি সম্পন্ন হয়েছে।<br>প্রতিরক্ষা অডিট অধিদপ্তর পত্র নং ৮২.১২.০০০০.০০৮.১৩.০০১.১১.১৫৭ তারিখ ০৭ মার্চ ২০২১।<br><br>২। ডিএএসবি ময়মনসিংহ অফিস ভবনের আভ্যন্তরে/বাহ্যিক কাজসহ ২য় তলা নির্মাণ কাজে অনিয়ম ৩৮,৮০.১৪৯.০০ টাকার অডিট আপত্তি নিস্পত্তি সম্পন্ন হয়েছে। প্রতিরক্ষা অডিট অধিদপ্তর পত্র নং ৮২.১২.০০০০.০০৮.২৩.০০১.১৬.১৫৯ তারিখ ০৯ মার্চ ২০২১। |

| | | |
|---|---|---|
| ৬। | ডিএএসবি অফিস ভবন নির্মাণ | ১। অত্র সংস্থার অধীনস্থ জেলা সশস্ত্র বাহিনী বোর্ড রাজশাহী এর স্থায়ী অফিস ভবন নির্মাণের নিমিত্তে বোয়ালিয়া থানাধীন ৫১ নং হড়গ্রাম মৌজার আর.এস ১নং খাস খতিয়ানের ১২৭৭ নং দাগের ০.১৬৫০ (শুন্য দশমিক এক ছয় পাঁচ শুন্য) একর খাস জমি প্রাপ্তির বিষয়ে সমুদয় অর্থ টিআর করা হয়েছে। উক্ত জমিটি অত্র সংস্থার নামে নামজারি করা হয়। উক্ত জমিতে জেলা সশস্ত্র বাহিনী বোর্ড রাজশাহী এর স্থায়ী অফিস ভবনের প্রস্তাবিত নকশা ও soil test রিপোর্টি এর কার্যক্রম শেষ। প্রস্তাবিত নকশা অনুযায়ী মূল বিল্ডিং আরম্ভ করার জন্য প্রাক্কলন ব্যয় ও আনুষাংগিক কাজের জন্য সেনাসদর, ই ইন সি'র শাখায় (পূর্ত পরিদপ্তর) পত্র লেখা হয়েছে।<br><br>২। জাহাঙ্গীরাবাদ সেনানিবাস বগুড়া সংলগ্ন জেলা সশস্ত্র বাহিনী বোর্ড বগুড়া এর অফিস ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে যা বর্তমানে উক্ত ভবনে অফিস চালু করা হয়েছে।<br><br>৩। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড পাবনার অফিস ভবন নির্মানের লক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে অনাপত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রদান করেন।<br><br>৪। চট্টগ্রাম সেনানিবাসের অভ্যন্তরে (ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের সামনে) জেলা সশস্ত্র বাহিনী বোর্ড চট্টগ্রাম এর অফিস ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে যা বর্তমানে উক্ত ভবনে অফিস চালু করা হয়েছে।<br><br>৫। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড কুষ্টিয়ার জন্য কুষ্টিয়া সুগার মিলস এর সরকারী জায়গায় অফিস ভবন নির্মাণের জন্য পত্রালাপ করা হয়েছে যা কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>৬। রাঙ্গামাটি জেলার সদর উপজেলাধীন ১০২নং রাঙ্গাপানি মৌজাস্থ আরএস ২২৮৪ নং দাগে রাঙ্গামাটি সেনানিবাসের ০৫ (পাঁচ) শতক জমি ডিমার্কেশনসহ (Right of use) জেলা সশস্ত্র বাহিনী বোর্ড রাঙ্গামটির স্থায়ী অফিস ভবন নির্মাণের অনুমোদন প্রাপ্ত হয়। বর্ণিত ০৫ (পাঁচ) শতক জমি ডিমার্কেশনসহ (Right of use) নিয়োগকৃত অফিসারের নিকট অত্র সংস্থার অনুকূলে হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>৭। দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ডিএএসবি দিনাজপুরের জন্য একটি স্থায়ী অফিস ভবন এবং মেডিকেল ডিসপেনসারিসহ অন্যান্য কল্যাণমূখী প্রকল্প পরিচালনার জন্য ১.১৬৪৪ একর জমি বরাদ্দের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৭। | বিএএসবি ও ডিএএসবি পদনাম পরিবর্তন | বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড ও জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের বিদ্যমান ও প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো (টিওএন্ডই) পরিবর্তনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এরই ধারাবাহিকতায় সশস্ত্র বাহিনীর অন্যান্য সংস্থার সাথে প্রচলিত পদবী সমূহের পদনাম যুগোপযোগী করার নিমিত্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। |
| ৮। | সংবিধান বাংলা করণ | ১৯৭৬ সালে বিএএসবি ও ডিএএসবির তৎকালীন English Constitution সকলের বুঝার সুবিধার্থে ও সহজবোধ্য করার নিমিত্তে বাংলা করণের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৯। | ডিএএসবি সমূহের বিভিন্ন কার্যক্রম | জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহের অধীনস্থ সশস্ত্র বাহিনীর (সেনা, নৌ, বিমান ও এমওডিসি) অবসরপ্রাপ্ত সদস্য ও তাদের পোষ্যদের বিভিন্ন ধরনের সেবা ও কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করছে। যেমন-পারিবারিক পেনশন, বয়োজ্যেষ্ঠ ভাতা, দুঃস্থ ভাতা, আরসিইএল, বিএসসিআর, সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান, মেডিকেল ডিসপেনসারি স্থাপনের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা ও ঔষুধ বিতরণ, শিক্ষা বৃত্তি, তদন্ত কার্যক্রম (পারিবারিক পেনশনের উত্তরাধিকারী নির্ণয়, আর্থিক সাহায্য, স্থায়ী ঠিকানা পরিবর্তন, স্ত্রী, সন্তানের নাম ও জন্ম তারিখ সংশোধন, চাকুরীরত সদস্যগণ স্বেচ্ছায় চাকুরী হতে অবসর গ্রহণ সংক্রান্ত, গেজেট সংশোধন ইত্যাদি), ব্যাংক শাখা পরিবর্তন, সময় উত্তীর্ণ পেনশন পুনরায় চালুকরণ, শান্তিনিবাস ইত্যাদি। এছাড়াও সশস্ত্র বাহিনীর সদস্যগণের বিভিন্ন সমস্যাগুলো সমাধানকল্পে বিএএসবি'র মাধ্যমে সংশ্লিষ্ট রেকর্ডগুলোর সাথে পত্রালাপ করা হয়। |
| ১০। | এমএফআরও মামলা | দিনাজপুর জেলার জজ/নিম্ন আদালতে এমএফআরও'র পক্ষে ০৬টি মামলা রায় প্রদান। |





মোঃ হুসাইন রেজা
কর্ণেল
পক্ষে মহাপরিচালক